দৈনিক

তারিখ... 23.11.7৭ ..
পৃষ্ঠা... ... 1 ...কলাম 3... ...

004

# ২৬শে নবেম্বর হইতে বেসরকারী স্কুল-কলেজে ধর্মঘটের সিদ্ধান্ত

গত বুধবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কার্য-নির্বাহী পরিষদের সভায় ৫ দফা দাবীর প্রেক্ষিতে ২৬শে নভেম্বর হইতে বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসায় অবিরাম ধর্মঘট এবং ২রা ডিসেম্বর বিকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে শিক্ষক-ছাত্র জমায়েত অনুষ্ঠানের সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

সভায় অংশগ্রহণকারী ৭৩ জন প্রতিনিধি এক যুক্তবিবৃতিতে অবি-

( ২য় পৃঃ দ্রঃ )

## স্কুল-কলেজে ধর্মঘটের সিদ্ধান্ত

( ১ম পৃঃ পর )

লম্বে বেসরকারী শিক্ষকদের ৫ দফা দাবী মানিয়া লওয়ার জন্য সরকারের নিকট দাবী জানান। তাঁহারা ২৬শে নভেম্বর হইতে দাবী আদায় না হওয়া পর্যন্ত সকল বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় অবিরাম ধর্মঘট পালনের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।